# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৪৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

الفصل الاول ( بَاب أَشْرَاط السَّاعَة)

---

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَوَّلُ أَشْرَاطِ السَّاعَةِ نَارٌ تَحْشُرُ النَّاسَ مِنَ الْمَشْرِقِ إِلَى الْمَغْرِبِ» . رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (3329) ـ
(صَحِيح)

বাংলা

৫৪৪৭-[১১] আনাস (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামত আসার প্রথম নিদর্শন হলো, এমন এক আগুন বের হবে, তা মানুষদেরকে পূর্বদিক থেকে তাড়িয়ে পশ্চিমদিকে নিয়ে একত্রিত করবে। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৪৪৮০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৫৯৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কুরতুবী (রহিমাহুল্লাহ) বলেন: হাদীসে উল্লেখিত আগুন মদীনার হিজায হতে ৬৫৪ হিজরীর জুমাদিউল আখির মাসের তিন তারিখ বুধবার দিবাগত রাত্রে প্রকাশ হয়েছিল আর এটা চলমান ছিল জুমু’আহ বার ফজর পর্যন্ত, অতঃপর তা শান্ত হয়ে যায়।
আর যে আগুন মানুষদেরকে একত্রিত করবে সেটা এ আগুন নয়। তবে খালিদ ইবনু সিনান আল ‘আব্বাসীর সময়ে এ ধরনের আগুন হিজাযের কোন কোন অঞ্চলে আত্মপ্রকাশ করেছিল।
ইবনু হাজার আল আসক্বালানী (রহিমাহুল্লাহ) বলেন: উল্লেখিত দু’টি আগুনের একটি কিয়ামতের পূর্বে প্রকাশ পাবে

এবং অপরটি কিয়ামতের একেবারে সন্নিকটে প্রকাশ পাবে এবং এর পরপরই কিয়ামত সংঘটিত হবে (আল্লাহ সর্বাধিক জ্ঞাত)। (ফাতহুল বারী ১৩শ খণ্ড, ৪৭১-৪৭২ পৃ., হা. ৭১১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85425

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন